

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ৫, ২০১০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ, ২১ শ্রাবণ ১৪১৭/০৫ আগস্ট ২০১০

নং ০৪.৪২১.০৬২.০১.০০.০২২.২০১০.৯৫২—মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব রাজিয়া বেগম এবং বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) এর চেয়ারম্যান মোঃ সিদ্দিকুর রহমান ৩১ জুলাই ২০১০ তারিখ সকাল ৭-৩০ টায় সরকারি সফরে ঢাকা থেকে গোপালগঞ্জ যাওয়ার পথে ঢাকা-আরিচা মহাসড়কের উখলি-পাটুরিয়া সংযোগ মোড়ে এক মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় নিহত হন (ইন্না-লিল্লাহে ওয়া ইন্না-ইলাইহে রাজিউন)।

২। মর্মান্তিক এ ঘটনায় মন্ত্রিসভার ১৮ শ্রাবণ ১৪১৭/০২ আগস্ট ২০১০ তারিখে অনুষ্ঠিত বৈঠকে গৃহীত শোক প্রস্তাব সকলের জ্ঞাতার্থে প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এম আবদুল আজিজ এনডিসি

মন্ত্রিপরিষদ সচিব।

(৮০৯৫)

মূল্য : টাকা ২.০০

মন্ত্রিসভার শোক প্রস্তাব

১৮ শ্রাবণ ১৪১৭
ঢাকা : ০২ আগস্ট ২০১০

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব রাজিয়া বেগম এবং বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) এর চেয়ারম্যান মোঃ সিদ্দিকুর রহমান ৩১ জুলাই ২০১০ তারিখ সকাল ৭-৩০ টায় সরকারি সফরে ঢাকা থেকে গোপালগঞ্জ যাওয়ার পথে ঢাকা-আরিচা মহাসড়কের উখলি-পাটুরিয়া সংযোগ মোড়ে এক মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় নিহত হন (ইন্না-লিল্লাহে ওয়া ইন্না-ইলাইহে রাজিউন)। তাঁদের এ আকস্মিক মৃত্যুতে দেশ একনিষ্ঠ জনসেবক ও মেধাবী কর্মকর্তাদের হারাণ। মন্ত্রিসভা দেশের উন্নয়নে তাঁদের অবদান স্মরণ করছে এবং গভীর শোক ও দুঃখ প্রকাশ করে তাঁদের আত্মার মাগফেরাত কামনা করছে। মন্ত্রিসভা নিহতদের পরিবারের শোকসন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানাচ্ছে।

মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd